RURAL POWER COMPANY LTD.

ISO 9001:2008 Certified

# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯,

উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

**দরপত্র দলিল**

দরপত্রের শিরোনামঃ-

"জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পে আউটসোর্সিং এর মাধ্যমে বিভিন্ন পদে জনবল সরবরাহ।

দরপত্র পদ্ধতি-

উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)

দরপত্র নং-PUR-111 (LS/Mad100 MW/OTM)/2021-2022;তারিখঃ ১৭.০৫.২০২২ খ্রিঃ

**মে ২০২২ ইং**

সেকশন-০১

ক) ভূমিকাঃ

১) **কাজের বিবরণঃ** আউটসোসিং এর মাধ্যমে জনবল সরবরাহ।

২) **দরপত্র আহবান পদ্ধতিঃ** উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)।

৩) **সেবা গ্রহীতা সংস্থা/ প্রতিষ্ঠানের নামঃ** রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

৪) **অর্থের উৎসঃ** আরপিসিএল এর নিজেস্ব তহবিল।

৫) **দরপত্র জামানত (Tender Security):** যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মূল ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দরপত্রের সাথে প্রদান করতে হবে অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কার্যাদেশপ্রাপ্ত দরদাতার সাথে চুক্তি স্বাক্ষরের পর সকল দরদাতার দাখিলকৃত দরপত্র জামানত ফেরত দেয়া হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মেয়াদ দরপত্র দাখিলের তারিখ হতে দরপত্র বৈধতার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর নূন্যতম ২৮ (আটাশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

৬) **চুক্তির মেয়াদঃ** চুক্তি স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) মাস পর্যন্ত।

৭) **নির্বাচিত/কার্যাদেশপ্রাপ্ত দরদাতার Performance Security:** নির্বাচিত/কার্যাদেশপ্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠানকে চুক্তি মূল্যের ১০% টাকা নিরাপত্তা জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে জমা দিতে হবে। চুক্তি সমাপ্তির পর শর্ত প্রতিপালন শেষে দরদাতার Performance Security ফেরত প্রদান করতে হবে।

৮) **ক্যাটাগরী ভিত্তিক জনবলঃ**

| | পদ ও জনবলের যোগ্যতার বিবরণী | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
| ১ | ম্যাসেঞ্জার | ১ | ১৮-৬০ বৎসর | এইচ, এস, সি অথবা সমমান পাশ। |
| ২ | বাবুর্চি কাম তত্ত্বাবধায়ক | ১ | ১৮-৬০ বৎসর | এস, এস, সি অথবা সমমান পাশ/সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতাসহ জে, এস, সি বা সমমান পাশ। |
| ৩ | অফিস এ্যাটেনডেন্ট | ১ | ১৮-৬০ বৎসর | এস, এস, সি অথবা সমমান পাশ। |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ২ | ১৮-৬০ বৎসর | এস,এস,সি/জে.এস.সি অথবা সমমান পাশ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। |
| ৫ | পরিচ্ছন্নতা কর্মী | ১ | ১৮-৬০ বৎসর | জে, এস, সি অথবা সমমান পাশ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। |

খ) **দর প্রস্তাব দাখিলের জন্য দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতাঃ**

১) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে সরকারের নিকট হতে ঠিকাদার সংস্থার হালনাগাদকৃত বৈধ লাইসেন্স ও রেজিস্ট্রেশন থাকতে হবে;

২) বাংলাদেশ জয়েন্ট স্টক কোম্পানী রেজিস্ট্রেশন সনদ থকেতে হবে;

৩) হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৪) ভ্যাট নিবন্ধন সনদপত্র থাকতে হবে;

৫) হালনাগাদকৃত আয়কর সনদপত্র থাকতে হবে;

৬) দরদাতা প্রতিষ্ঠানকে সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/বিদেশি মিশন/বহুজাতিক কোম্পানিতে জনবল সরবরাহের নূন্যতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৭) বিগত ০৫ (পাঁচ) বছরে কমপক্ষে ১০০ জন জনবল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে এক চুক্তির বিপরীতে কমপক্ষে ১০ জন জনবল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে;

৮) দর প্রস্তাবদাতা প্রতিষ্ঠানের ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বৎসরের যে কোন সময়ে ব্যাংক একাউন্টে নূন্যতম ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার স্থিতি থাকতে হবে এবং প্রমাণক হিসেবে Bank Statement দাখিল করতে হবে।

**গ) দরপ্রস্তাব দাখিলের নিয়মাবলীঃ**

১) দরপ্রস্তাব সংযুক্তি "খ" অনুযায়ী দাখিল করতে হবে। জনবল সরবরাহকারী দরদাতা কর্তৃক দুই সেট দরপ্রস্তাব দাখিল করতে হবে। একসেট হবে মূল কপি অপর সেট ফটোকপি। মূল কপি ও ফটোকপি পৃথক পৃথক খামে জমা দিতে হবে। খামের উপর মূল কপি ও ফটোকপি লিখতে হবে। মূল কপির সাথে টেন্ডার ডকুমেন্ট ক্রয়ের মূল মানি রশিদ সংযুক্ত করতে হবে;

২) দরপ্রস্তাব দলিলে চাহিত তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে;

৩) দরপ্রস্তাব দলিলে চাহিত দলিলাদির সত্যায়িত ফটোকপি দরপ্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে;

৪) দরপ্রস্তাবের প্রতি পাতায় দরদাতা কর্তৃক স্বাক্ষর ও সীল প্রদান করতে হবে;

৫) দরদাতা কোম্পানির সীল ও স্বাক্ষরযুক্ত বদ্ধখামে বর্ণিত অফিস ঠিকানায় রক্ষিত দরপ্রস্তাব বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপ্রস্তাব দাখিল করতে হবে;

৬) দরপ্রস্তাব সম্বলিত খামের উপর "আউটসোসিং এর মাধ্যমে জনবল সরবরাহের জন্য দরপ্রস্তাব" স্পষ্ট আকারে উল্লেখ করতে হবে;

৭) দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়সূচী মোতাবেক উপস্থিত দরদাতা বা দরদাতার প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপ্রস্তাব খোলা হবে;

৮) অস্পষ্ট/ফ্লুইড দ্বারা সংশোধিত কিংবা ওভার রাইটিংকৃত দরপ্রস্তাব অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে;

৯) দরপ্রস্তাব দাখিলের নির্ধারিত সময়ের পর দরপ্রস্তাব পাওয়া গেলে উহা বিলম্বে প্রাপ্ত দরপ্রস্তাব হিসাবে বিবেচিত হবে এবং তা গ্রহণ করা হবে না;

১০) জনবল সরবরাহের চলমান ও সমাপ্ত কাজের সন্তোষজনক প্রত্যয়নপত্র থাকতে হবে;

১১) দরপত্রদাতা তার সার্ভিস চার্জের পরিমান সরবরাহকৃত জনবলের মোট বেতনের ৫% এর কম দাখিল করলে তার দরপত্র Non-Responsive হিসেবে বিবেচিত হবে।

**ঘ) দরপ্রস্তাব দাখিলকালে যে সকল দলিলাদি দাখিল করতে হবেঃ**

১) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সরকারের নিকট হতে ঠিকাদার সংস্থার হালনাগদকৃত বৈধ লাইসেন্স ও রেজিষ্ট্রেশন সনদ;

২) বাংলাদেশ জয়েন্ট স্টক কোম্পানির রেজিষ্ট্রেশন সনদ;

৩) হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৪) ভ্যাট নিবন্ধন সনদ;

৫) টিআইএন/ ই-টিআইএন নম্বরসহ আয়কর পরিশোধের ২০২০-২০২১ অর্থ বৎসরের (২০২১-২০২২ কর বৎসরের) আয় কর সনদপত্র;

৬) দরদাতা প্রতিষ্ঠানকে সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/বিদেশি মিশন/বহুজাতিক কোম্পানিতে জনবল সরবরাহের নূন্যতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

Rural Power Company Ltd. House #19, Road #1/B, Sec #9

৭) বিগত ০৫ (পাঁচ) বছরে কমপক্ষে ১০০ জন জনবল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে এক চুক্তির বিপরীতে কমপক্ষে ১০ জন জনবল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে;

৮) জনবল সরবরাহের চলমান ও সমাপ্ত কাজের সন্তোষজনক প্রত্যয়নপত্র থাকতে হবে;

৯) দর প্রস্তাবদাতা প্রতিষ্ঠানের ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বৎসরের যে কোন সময়ে ব্যাংক একাউন্টে নূন্যতম ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার স্থিতি থাকতে হবে এবং প্রমাণক হিসেবে Bank Statement;

১০) মানবসম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ/প্রশিক্ষকের নাম, পদবী, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার তথ্য;

১১) দরদাতা প্রতিষ্ঠানের অফিসের অবস্থান বিষয়ক তথ্য;

১২) জনবল নির্বাচন প্রক্রিয়া, কর্ম পরিকল্পনা ও প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম;

১৩) দরপ্রস্তাবদাতা কর্তৃক দর দাখিল ছক সরবরাহতব্য ০৬ জন কর্মচারীর ৩০ মাসের মোট সাকূল্য বেতনের উপর সার্ভিস চার্জের (সার্ভিস চার্জের উপর ভ্যাট+ট্যাক্সসহ) মোট পরিমাণ অংকে, কথায় ও শতকরায় উদ্ধৃত করতে হবে;

১৪) দরপত্র দাখিলকালে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে রুরাল পাওয়ায় কোম্পানী লিমিটেড এর অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মূল্যমানের ব্যাংক গ্যারান্টি/ পে-অর্ডার (ফেরতযোগ্য) দাখিল করতে হবে;

১৫) ক্রয়কৃত টেন্ডার সিডিউলটির প্রতি পাতায় সিল মোহরসহ স্বাক্ষর করে দরপ্রস্তাবের সহিত দাখিল করতে হবে;

১৬) দরদাতার ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

১৭) দরপত্র দাতাকে সংযুক্তি "ক" মোতাবেক অঙ্গীকারনামা স্বাক্ষর করে দাখিল করতে হবে;

১৮) দরপ্রস্তাব দাতাকে সংযুক্তি "ঘ" অনুযায়ী ডাটা শীট যথাযথভাবে লিপিবদ্ধ করে দাখিল করতে হবে। ডাটা শীটের অনুচ্ছেদ ১২ এর ক্ষেত্রে প্রতি ক্যাটাগরীর পদের জন্য পৃথক পৃথকভাবে জনবল সরবরাহের সময়সীমা লিপিবদ্ধ করতে হবে;

১৯) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সকল অভিজ্ঞতার স্বপক্ষে জনবল সংগ্রহকারী সংস্থা হতে সন্তোষজনক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

**বিঃ দ্রঃ সকল সদনপত্র/দলিলাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। সেবা গ্রহনকারী কর্তৃপক্ষ চাহিবা মাত্র দরদাতা প্রাতষ্ঠান কর্তৃক মূল সনদপত্র/ দলিলাদি প্রদর্শন করতে বাধ্য থাকবে।**

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

সেকশন-২

ক) **সাধারণ নির্দেশিকাঃ**

১) বুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সহকারে সাদা কাগজে আবেদন পূর্বক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করা যাবে;

২) দরপত্র আহবায়নের তারিখঃ ১৮/০৫/২০২২

৩) প্রাকদরপত্র দাখিল সভা তারিখ ২২/০৫/২০২২ খ্রিঃ স্থানঃ আরপিসিএল বোর্ড রুম (৪র্থ তলায়), বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯, উত্তরায়, অনুষ্ঠিত হবে;

৪) দরপত্র আগামী ০৮/০৬/২০২২ খ্রিঃ দুপুর ১২:৩০ ঘটিকার মধ্যে প্রকৌশল বিভাগ (৩য় তলা), রুরাল পাওয়ার কোম্পানী লিটিটেড, বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে;

৫) দাখিলকৃত সকল দরপত্র আগামী ০৮/০৬/২০২২ খ্রিঃ দুপুর ১:০০ ঘটিকায় বোর্ডরুম (৪র্থ তলায়), বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ এ উন্মক্তকরণ কমিটির সদস্যদের উপস্থিতিতে খোলা হবে। আগ্রহী অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠান/ অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি ইচ্ছা করলে দরপত্র খোলাকালীন সময় উপস্থিত থাকতে পারবে;

৬) দরপত্র দলিলের সকল ধারা ও শর্ত প্রতিপালন পূর্বক দরপত্র দাখিল করতে হবে;

৭) কোন প্রকার ঘষামাজা, ফ্লুইড ব্যবহার ও কাটাকাটি/ অস্পষ্টতা গ্রহণযোগ্য হবে না;

৮) কাজের স্বার্থে সরবরাহকৃত/নিয়োজিত জনবলকে অফিস ছুটির আগে/পরে এবং সাপ্তাহিক ছুটি সরকারী ছুটির দিন ঢাকার বাহিরে সমগ্র বাংলাদেশের যে কোন আরপিসিএল এর কার্যালয়ে কাজ করতে হতে পারে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ বা আর্থিক সুবিধা প্রদান করা হবে না;

৯) নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিবদ্ধ জনবল সরবরাহে ব্যর্থ হলে চুক্তি বাতিলসহ আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১০) নিয়োজিত কর্মচারীর মাসিক প্রদেয় মোট সাকূল্য বেতনের উপর জনবল সরবরাহকারী দরদাতার সার্ভিস চার্জ বিবেচনা করা হবে;

১১) নিয়োজিত কর্মচারীর দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে জনবল নিয়োজিতকারী দপ্তর কর্তৃক সেবা প্রদানকারী কর্মচারীর বেতন-ভাতা বিল পরিশোধ করা হবে;

১২) প্রকল্প পরিচালক কর্তৃক মাসিক ভিত্তিতে চুক্তিবদ্ধ সাকূল্য বেতন নিয়েজিত কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাবে পরিশোধ করা হবে;

১৩) সরবরাহকৃত লোক দ্বারা কোন প্রকার ক্ষতিসাধন হলে তার দায়-দায়িত্ব জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের উপর বর্তাবে;

১৪) সরবরাহতব্য জনবল সুস্থ ও স্বাভাবিক হতে হবে। জনবল সরবরাহের পূর্বে রেজিষ্টার্ড ডাক্তার দ্বারা সুস্থতা সংক্রন্ত স্বাস্থ্যগত সনদ দাখিল করতে হবে;

১৫) সরবরাহকৃত জনবল কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক জরুরী প্রয়োজনে যে কোন অবস্থায় অতিরিক্ত কাজ করতে বাধ্য থাকবে। অতিরিক্ত কাজের জন্য কোন প্রকার ওভারটাইম বেতন/ভাতা দেয়া হবে না;

১৬) দরপত্রের "দর" বাংলাদেশী টাকায় উদ্বৃত করতে হবে;

১৭) সরবরাহকৃত জনবলের কেহ দায়িত্ব পালনকালে দূর্ঘটনায় পতিত হলে তার সকল দায়-দায়িত্ব জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে;

১৮) আউটসোসিং প্রক্রিয়ায় নিয়োজিত সকল কর্মচারীকে কোম্পানীর পরিচয়পত্র গলায় ঝুলিয়ে রাখতে হবে এবং আরপিসিএল কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করতে হবে;

১৯) বর্ণিত জনবল কর্তৃপক্ষের নিকট হতে দরপত্রে প্রস্তাবিত বেতন-ভাতা ব্যতীত অন্য কোন রকম সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না;

২০) অসুস্থতা বা অসদাচারণের কারণে কোন জনবলকে প্রত্যাহার করার প্রয়োজন দেখা দিলে তার সমমানের অথবা অধিক যোগ্যতার জনবল দিয়ে সংশ্লিষ্ট জনবল প্রত্যাহার করা যাবে, তবে কোন জনবলকে প্রত্যাহারের পূর্বে আরপিসিএল কর্তৃপক্ষের এর লিখিত অনুমতি নিতে হবে;

২১) নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন;

২২) যে কোন বা সকল দরপত্র বাতিলের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

খ) **বিশেষ নির্দেশিকাঃ**

১) নির্বাচিত/কার্যাদেশ প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে চুক্তি মূল্যের ১০% টাকা নিরাপত্তা জামানত হিসাবে ব্যাংক গ্যারান্টি/ পে-অর্ডার /ব্যাংক ড্রাফট আকারে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র আহবানকারী/সেবা গ্রহনকারী কর্তৃপক্ষ কর্তৃক দর দাখিলকারীর দরপত্র জমানত বাজেয়াপ্ত করা হবে। দাখিলকৃত পে-অর্ডার /ব্যাংক ড্রাফট এর মেয়াদ, চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ২৮ (আটাশ) দিন পর্যন্ত বলবৎ থাকতে হবে। চুক্তিশেষে নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে;

২) জনবল সরবরাহকারী দরদাতার সার্ভিস চার্জ হতে সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট-ট্যাক্স কর্তন করা হবে;

৩) দরদাতা কর্তৃক দাখিলকৃত দরপত্রের বৈধতার মেয়াদ (Tender Validity Period) দরপত্র দাখিলের তারিখ হতে ৬০ (ষাট) দিন বলবৎ থাকবে;

৪) কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে নিজ খরচে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্টাম্পে চুক্তি সম্পাদন করতে হবে;

৫) কার্যাদেশপ্রাপ্ত সরবরাহকারী অত্র প্রতিষ্ঠানে সরবরাহতব্য জনবল থেকে কখনও কোন ধরণের আর্থিক/অন্যান্য অনৈতিক সুবিধা গ্রহণ করতে পারবে না। যদি করে এবং তা যাচাইয়ে প্রমাণিত হয় তাহলে সম্পাদিত চুক্তি বাতিলসহ সরবরাহকারী প্রাতষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও কালো তালিকাভূক্ত করা হবে। এক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

৬) কার্যাদেশপ্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহতব্য জনবল সৎ চরিত্রবান, সু-স্বাস্থ্যের অধিকারী ও কার্য উপযোগী হতে হবে। এ লক্ষ্যে সরবরাহকারীকে প্রতিটি পদের জনবলের জন্য পৃথক পৃথকভাবে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, স্ব-স্ব প্রার্থীর ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত চারিত্রিক সনদ, দুই জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র, ডাক্তারি সনদ, শিক্ষাগতা যোগ্যতার সনদ ও ড্রাইভারের ক্ষেত্রে বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি এবং প্রত্যেকের নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্বলিত কাগজপত্র ও তথ্য সংযুক্তি "ঙ" মোতাবেক চুক্তি সম্পাদনের তারিখ হতে ০৭ দিনের মধ্যে দাখিল করতে হবে;

৭) কার্যাদেশপ্রাপ্ত সরবরাহকারীকে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক জীবন বৃত্তান্ত দাখিল করতে হবে। অত্র দপ্তরের অনুমতি পাওয়ার পর নির্বাচিত প্রার্থীদের নিয়োজিত করা হবে;

৮) জনবল সংগ্রহকারী দপ্তর কর্তৃক সরবরাহতব্য জনবল নিয়োজিত করণের পূর্বে প্রয়োজন মোতাবেক লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার অথবা তিনটি পরীক্ষাই গ্রহণ করা হবে। যে সকল প্রার্থী অযোগ্য ও অসমর্থ বলে বিবেচিত হবে সরবরাহকারী কর্তৃক সে সকল প্রার্থীকে সরিয়ে নিয়ে ডেলিভারী সিডিউল এর মধ্যে যোগ্য প্রার্থী সরবরাহ করতে হবে। সাক্ষাৎকার প্রদানকারীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৯) আরপিসিএল কর্তৃক গঠিত মল্যায়ন কমিটি বিধি মোতাবেক দরপত্র মূল্যায়ন করবে এবং সর্বনিম্ন Responsive দরদাতার সহিত চুক্তি স্বাক্ষর সুপারিশ করবে;

১০) জনবল নিয়োজিতকারী দপ্তর কর্তৃক চাহিত রং ও ডিজাইন মোতাবেক সরবরাহকারী প্রাতষ্ঠানকে জনবল প্রতি ০২ (দুই) সেট পোশাক চুক্তি স্বাক্ষরের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রদান করতে হবে;

১১) NOA প্রদানের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে নিরাপত্তা জামানত এবং ২১ দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে এতদসঙ্গে সংযুক্ত নমুনা খসড়া চুক্তিপত্র মোতাবেক চুক্তি সম্পাদন করেত হবে এবং চুক্তি স্বাক্ষরের তারিখ হতে ২১ দিনের মধ্যে চুক্তিবদ্ধ জনবল সরবরাহ করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২) উভয় পক্ষের সম্মতি ও আলোচনাক্রমে প্রকল্প চলাকালীন মেয়াদ পর্যন্ত চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

অঙ্গীকারনামা

সংযুক্তি-ক

আমি.................................... পিতা..........................................

মাতা................................... প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা-...............................

...................................................................................................

এ মর্মে অঙ্গীকার করছি যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড-এ আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল সংগ্রহের লক্ষ্যে প্রস্তুতকৃত দরপত্রের শর্তাবলী ও নিয়মাবলী পালন পূর্বক স্বত্তাধিকারী হিসেবে বর্ণিত প্রতিষ্ঠানের নামে দরপত্রে অংশগ্রহণ করলাম। দরপত্র দলিল/দরপত্র সিডিউল শর্তাবলী ও নিয়মাবলী ভঙ্গ করলে আরপিসিএল কর্তৃপক্ষ আমার জামানতের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ব্যাংক গ্যারেন্টি বাজেয়াপ্ত করতে পারবে।

আমি রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর সিদ্ধান্তের বিরুদ্ধে আইন আদালতের আশ্রয় গ্রহণ করব না। আমি স্বজ্ঞানে, স্ব-ইচ্ছায় ও সুস্থ মস্তিষ্কে দর পত্রের শর্তাবলী ও নিয়মাবলী পড়ে অঙ্গীকারনামায় স্বাক্ষর করলাম।

দরপত্র দাতার স্বাক্ষর ও সীলঃ

তারিখঃ

ঠিকানাঃ

টেলিফোন নং

দর দাখিলের ছক সংযুক্তি-খ

বরাবর

প্রকল্প পরিচালক
জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেঃওঃ
সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী-১৯, রোড-১/বি, সেক্টর -৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

**বিষয়ঃ আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের নিমিত্ত দরপ্রস্তাব (দর দাখিলের ছক) ।**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | এক জনের মাসিক সর্বোচ্চ সাকূল্য বেতন | মোট মাসিক বেতন | মাসিক সর্বোচ্চ সাকূল্য বেতন বিবেচনা করে ক্যাটাগরী ভিত্তিক ৬ জন জনবলের ৩০ মাসের সাকূল্য বেতন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| ১ | ম্যাসেঞ্জার | ১ | | | | |
| ২ | বাবুর্চি কাম তত্ত্বাবধায়ক | ১ | | | | |
| ৩ | অফিস এ্যাটেনডেন্ট | ১ | | | | |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ২ | | | | |
| ৫ | পরিচ্ছন্নতা কর্মী | ১ | | | | |
| | সর্বমোট | ৬ | | | | |
| (ক) ৩০ মাসের সর্বমোট বেতন | | | | | | |
| (খ) সার্ভিস চার্জের পরিমাণ | | | | | | |
| (গ) সার্ভিস চার্জের উপর ট্যাক্স এর পরিমাণ | | | | | | ("খ"/৯০)*১০ |
| (ঘ) সার্ভিস চার্জের উপর ভ্যাট এর পরিমাণ | | | | | | (খ+গ)*১৫% |
| (ঙ) সরবরাহতব্য ০৬ জন কর্মচারীর ৩০ মাসের মোট সাকূল্য বেতন এর উপর সার্ভিস চার্জের (সার্ভিস চার্জের উপর ভ্যাট+ ট্যাক্স সহ) মোট পরিমাণ (খ+গ+ঘ) | | | | | | |
| ৩০ মাসের সর্বমোট বেতন, ও সার্ভিস চার্জের মোট পরিমাণ (ক+ঙ) | | | | | | |

মোট টাকা কথায়ঃ-

উল্লিখিত পদসমূহের বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত উপর্যুক্ত দর আপনার সদয় বিবেচনার জন্য প্রস্তাব করা হলো।

দরদাতার স্বাক্ষর, সীলমহর ও তারিখ



Rural Power Company Ltd. House #19, Road #1/B, Sec #9

## নমুনা Notification of Award (NOA)

সংযুক্তি-গ

| | | |
|---|---|---|
| RURAL POWER COMPANY LTD. ISO 9001:2008 Certified | রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড<br>RURAL POWER COMPANY LIMITED | রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড<br>বাড়ী # ১৯, রোড # ১/বি, সেক্টর # ৯,<br>উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |

নং........................ তারিখঃ............. খ্রিঃ

..................
..................
..................

**বিষয়ঃ আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের নিমিত্ত Notification of Award (NOA) প্রদান প্রসঙ্গে।**

সুত্রঃ..........................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এ আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সংগ্রহের লক্ষ্যে ০৫ (পাঁচ) টি ক্যাটাগরীতে ৫টি পদে ৬ জন জনবল সরবরাহের নিমিত্ত গত.......... খ্রিঃ ০২ (দুই) টি জাতীয় দৈনিক (দৈনিক....... ও দৈনিক.......) পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত.......... তারিখে আপনার দাখিলকৃত দরপ্রস্তাব রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন লাভ করেছে।

এ প্রেক্ষিতে আরপিসিএল এর নিজস্ব খাতে বর্ণিত ৫টি পদে ৬ জন জনবল সরবরাহের নিমিত্ত....... হতে .........খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ ৩০ মাসের আপনার উদ্বৃত সার্ভিস চার্জ (সার্ভিস চার্জের উপর ভ্যাট ট্যাক্স অন্তরর্ভূক্ত) ......% (......শতকরা) হিসেবে সর্বমোট....... টাকা মূল্যমানে Notification of Award (NOA) প্রদান করা হলো।

এই Notification of Award (NOA) ইস্যুর তারিখ হতে ০৭ দিনের মধ্যে NOA গ্রহণ বিষয়ে আপনাদের লিখিত মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

আপনি সম্মত হলে NOA প্রদানের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে নিরাপত্তা জামানত এবং ২১ দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এতদসঙ্গে সংযুক্ত নমুনা খসড়া চুক্তিপত্র মোতাবেক চুক্তি সম্পাদন করতে হবে এবং ডেলিভারী সিডিউল মোতাবেক জনবল সরবরাহ করতে হবে।

ধন্যবাদান্তে

**মোঃ ফেরদৌস রহমান**
প্রকল্প পরিচালক
জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেঃওঃ
সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ
Email: ferdawsrpcl@gmail.com

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

# দরপ্রস্তাব দাতার ডাটা শীট।

১) দরদাতার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২) প্রতিষ্ঠানের সত্বাধিকারীর নাম :

৩) সত্বাধিকারীর স্থায়ী ঠিকানা :

৪) পত্র যোগাযোগের ঠিকানা :

৫) ই-মেইল ঠিকানা :

৬) সত্বাধিকারীর ন্যাশনাল আইডি নম্বর :

৭) TIN নম্বর :

৮) টেলিফোন নম্বর :

৯) মোবাইল নম্বর :

১০) সরবরাহতব্য ০৬ জন কর্মচারীর ৩০ মাসের মোট সাকূল্য বেতন এর উপর সার্ভিস চার্জের (সার্ভিস চার্জের উপর ভ্যাট+ ট্যাক্স সহ) মোট পরিমাণ

১১) দরপত্রের বৈধতার মেয়াদঃ.............................

১২) জনবল সরবরাহের সময়সীমা (চুক্তি স্বাক্ষরের দিন হতে ২১ দিন)

জনবল সরবরাহকারী কর্তৃক পূরণীয়ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা | জনবল সরবরাহের সময়সীমা (সরবরাহকারী কর্তৃক পূরণ করতে হবে) |
|---|---|---|---|---|---|
| ১ | ম্যাসেঞ্জার | ১ | ১৮-৬০ বৎসর | এইচ, এস, সি অথবা সমমান পাশ। | |
| ২ | বাবুর্চি কাম তত্ত্বাবধায়ক | ১ | ১৮-৬০ বৎসর | এস, এস, সি অথবা সমমান পাশ/সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতাসহ জে, এস, সি বা সমমান পাশ। | |
| ৩ | অফিস এ্যাটেনডেন্ট | ১ | ১৮-৬০ বৎসর | এস, এস, সি অথবা সমমান পাশ। | |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ২ | ১৮-৬০ বৎসর | এস,এস,সি/জে.এস.সি অথবা সমমান পাশ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। | |
| ৫ | পরিচ্ছন্নতা কর্মী | ১ | ১৮-৬০ বৎসর | জে, এস, সি অথবা সমমান পাশ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। | |



Rural Power Company Ltd. House#19, Road#1/B, Sec#9

# Bank Guarantee for Performance Security

[This is the format for the Performance Security to be issued by a scheduled Bank of Bangladesh]

Contract No. Date:

To:

[Name and address of Procuring Entity]

PERFORMANCE GUARANTEE No: [insert number]

We have been informed that [name of supplier] (hereinafter called "the Supplier") has undertaken, pursuant to Contract No [reference number of Contract] dated [date of Contract] (hereinafter called e Contract") for the supply of [description of Employs] under the Contract.

Furthermore, we understand that, according to your conditions, Contracts must be supported by a performance guarantee.

At the request of the Supplier, we **[name of bank]** hereby irrevocably unconditionally undertaken to pay you, without cavil or argument any sum or sums not exceeding in total an amount of **Tk [insert amount and in figures in words]** receipt by us of your first written demand accompanied by a written statement that the Supplier is in breach of its obligation(s) under the Contract conditions, without you needing to prove or show grounds or reasons for your demand of the sum specified therein.

This guarantee is valid until **[date of validity of guarantee],** consequently, we must receive at the above- mentioned office any demand for payment under this guarantee on or before that date.

[Signatures of authorized representatives of the bank]

Signature

Seal

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

## আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সংগ্রহের চুক্তিপত্র।

চুক্তি নং-

তারিখঃ

প্রথম পক্ষঃ
প্রকল্প পরিচালক
জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেঃওঃ
সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী-১৯, রোড-১/বি, সেক্টর -৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

দ্বিতীয় পক্ষঃ

গত---------- খ্রিঃ দাখিলকৃত দর প্রস্তাব এবং স্মারক নং------------, তাং------------- খ্রিঃ এর মাধ্যমে প্রদত্ত Notification of Award (NOA) এর প্রেক্ষিতে নিম্ন স্বাক্ষরকারীদ্বয় (প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ) অদ্য--------------- খ্রিঃ এ নিম্নেবর্নিত শর্তাধীনে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর জন্য ৫টি পদে মোট ৬ (ছয়) জন লোকবল নিয়োজিত করণের নিমিত্ত সরবরাহের জন্য অত্র চুক্তিনামা দলিল সম্পাদন করলামঃ

-:শর্তাবলী:-

০১। ২য় পক্ষের সার্ভিস সন্তুষ্টি সাপেক্ষে অত্র চুক্তিনামার মেয়াদ---------------------খ্রিঃ হতে-------------------খ্রিঃ বলবৎ থাকবে।

০২। ২য় পক্ষ নিম্নোক্ত পদের পাশে বর্ণিত জনবল চুক্তি স্বাক্ষরের ২১ (একুশ) দিনের মধ্যে সরবরাহ করবেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ম্যাসেঞ্জার | ১ | ১৮-৬০ বৎসর | এইচ, এস, সি অথবা সমমান পাশ। |
| ২ | বাবুর্চি কাম তত্ত্বাবধায়ক | ১ | ১৮-৬০ বৎসর | এস, এস, সি অথবা সমমান পাশ/সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতাসহ জে, এস, সি বা সমমান পাশ। |
| ৩ | অফিস এ্যাটেনডেন্ট | ১ | ১৮-৬০ বৎসর | এস, এস, সি অথবা সমমান পাশ। |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ২ | ১৮-৬০ বৎসর | এস,এস,সি/জে.এস.সি অথবা সমমান পাশ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। |
| ৫ | পরিচ্ছন্নতা কর্মী | ১ | ১৮-৬০ বৎসর | জে, এস, সি অথবা সমমান পাশ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। |



Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

০৩। নিয়োজিত জনবল ১ম পক্ষ কর্তৃক পদায়নকৃত কর্মস্থল অনুযায়ী প্রযোজ্য বেতন প্রাপ্য হবেন, যা নিম্নরূপঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | এক জনের মাসিক সর্বোচ্চ সাকূল্য বেতন | মোট মাসিক বেতন |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫=কলাম (৩X৪)X৩০ |
| ১ | ম্যাসেঞ্জার | ১ | ১৬,১৩০.০০ | ৪,৮৩,৯০০.০০ |
| ২ | বাবুর্চি কাম তত্ত্বাবধায়ক | ১ | ১৬,৪৩০.০০ | ৪,৯২,৯০০.০০ |
| ৩ | অফিস এ্যাটেনডেন্ট | ১ | ১৬,১৩০.০০ | ৪,৮৩,৯০০.০০ |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ২ | ১৬,১৩০.০০ | ৯,৬৭,৮০০.০০ |
| ৫ | পরিচ্ছন্নতা কর্মী | ১ | ১৬,১৩০.০০ | ৪,৮৩,৯০০.০০ |
| সর্বমোট | | ০৬ | | ২৯,১২,৪০০.০০ |

০৪। ২য় পক্ষ কর্তৃক দাখিলকৃত দরপত্রের শর্ত মোতাবেক ৫ টি পদে মোট ৬ (ছয়) জন জনবল সরবরাহ/নিয়োজিত করে ৩০ মাসের মোট সাকূল্য বেতনের ------% (----) হিসেবে ভ্যাট ও ট্যাক্সসহ---- (---) টাকা সার্ভিস চার্জ প্রাপ্ত হবেন।

০৫। ২য় পক্ষের জনবল সরবরাহের দাখিলকৃত বিলের বিপরীতে পরিশোধযোগ্য সার্ভিস চার্জ হিসাব ও অর্থ বিভাগ, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড হতে ব্যাংকের হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হবে এবং ২য় পক্ষের নিকট থেকে সরকারী নিয়ম অনুযায়ী কমিশনের/সার্ভিস চার্জের উপর প্রযোজ্য ভ্যাট, আয়কর, অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি কর্তন/আদায় করা হবে;

০৬। মোতায়েনকৃত/নিয়োজিত প্রত্যেক কর্মচারীর ব্যাংকে নিজ নিজ সঞ্চয়ী হিসাব থাকতে হবে এবং প্রত্যেকের কর্মস্থল অনুযায়ী প্রাপ্য সাকূল্য বেতন হিসাব পরিদপ্তর, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড হতে সরাসরি তাদের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রদান করা হবে;

০৭। কার্যাদেশপ্রাপ্ত সরবরাহকারী অত্র প্রতিষ্ঠানের সরবরাহতব্য জনবল থেকে কখনও কোন ধরনের আর্থিক/ অন্যান্য অনৈতিক সুবিধা গ্রহণ করতে পারবে না। যদি করে এবং তা যাচাইয়ে প্রমাণিত হয় তাহলে সম্পাদিত চুক্তি বাতিলসহ সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও কালো তালিকাভূক্ত করা হবে। এক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

০৮। ২য় পক্ষ কর্তৃক সরবারহতব্য জনবলের তথ্যাদি মানবসম্পদ বিভাগ, আরপিসিএল হতে সরবরাহকৃত আবেদন ফরম অনুযায়ী প্রদান করতে হবে। আবেদনপত্রের সঙ্গে সরবরাহতব্য জনবলের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিক সনদ, জন্ম সনদ/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। দাখিলকৃত সকল কাগজাদি ও ছবি ২য় পক্ষ কর্তৃক প্রত্যায়িত/সত্যায়িত হতে হবে;

০৯। সরবরাহকৃত ও নিয়োজিত জনবলের যোগ্যতা/অভিজ্ঞতা এবং কোন তথ্য ১ম পক্ষের নিকট ভূয়া বা মিথ্যা প্রমানিত হলে উহার দায়ভার ২য় পক্ষের উপর বর্তাবে এবং এ বিষয়ে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে;

১০। নিয়োজিত কর্মচারীগণ কাজের স্বার্থে ছুটির দিনে বা অফিস সময়ের আগে-পরে দায়িত্ব পালন করবেন। এজন্য তিনি কোন অতিরিক্ত বেতন-ভাতাদি দাবী করতে পারবেন না। তাকে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অফিস সমূহে (বাংলাদেশের যেকোন স্থানে) দায়িত্ব পালনে বাধ্য থাকতে হবে;

১১। সরবরাহকৃত সকল জনবল দায়িত্ব পালনকালে ১ম পক্ষ কর্তৃক বর্ণিত পরিচয়পত্র ও ইউনিফর্ম পরিধান করবে। এক্ষেত্রে ২য় পক্ষ কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত পদওয়ারী ভিন্ন ভিন্ন রঙের ও ডিজাইনের ইউনিফর্ম সরবরাহ করতে হবে;

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

১২। সরবরাহকৃত কর্মচারীর দ্বারা আরপিসিএল এর কোন সম্পদের ক্ষতি/ধ্বংস/চুরি/আত্মসাৎ বা অন্য যে কোন ধরণের ক্ষতি সাধিত হলে ২য় পক্ষকে তার দায়ভার বহন করাসহ ক্ষতিপূরণ প্রদান করতে হবে। এক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গন্য হবে;

১৩। চুক্তি সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে ২য় পক্ষকে জনবল সরবরাহ করতে হবে;

১৪। গাড়ীচালক (হালকা) এর ক্ষেত্রে BRTA কর্তৃক ইস্যুকৃত মোটর ড্রাইভিং লাইসেন্স, লাইসেন্স প্রাপ্তির পর ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা, লগবই লেখার জ্ঞান, গাড়ীর দৈনন্দিন পরিষ্কার-পরিচ্ছন্নতা, রক্ষনাবেক্ষণ/সার্ভিসিং সম্পর্কে জ্ঞান, ট্রাফিক রুল, সিগন্যাল ইত্যাদি জানা থাকতে হবে;

১৫। অফিস সহায়কগণকে অফিসের নথি সংরক্ষণ, গোপনীয়তা অবলম্বনসহ দৈনন্দিন কাজ সম্পাদন করতে হবে;

১৬। নিরাপত্তা প্রহরীগণ ঢাকা বা ঢাকার বাহিরে বাংলাদেশের যে কোন স্থানে অবস্থিত আরপিসিএল এর বিভিন্ন দপ্তর/পরিদপ্তরের কাজে নিয়োজিত থাকবেন। নিরাপত্তা প্রহরীগণ সরকারী সম্পদ চুরি/অনিষ্ট/বিনষ্ট থেকে রক্ষা করবেন এবং যেকোন দূর্ঘটনা, চুরি, অনধিকার প্রবেশ এবং ক্ষতির সম্ভবনা থাকলে সঙ্গে সঙ্গে তা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

১৭। কর্তব্যে অবহেলা, অসদাচারণ, অফিসের সুনাম ক্ষুন্ন, গোপনীয়তা ভঙ্গ, সম্পদ বিনষ্ট ইত্যাদির অভিযোগ পাওয়া গেলে বা কারো কাজের মান সন্তোষজনক না হলে তাৎক্ষনিকভাবে তাকে/তাদেরকে প্রত্যাহার করতে হবে এবং ০৭ (সাত) দিনের মধ্যে তার বা তাদের পরিবর্তে উপর্যুক্ত জনবল সরবরাহ করতে হবে। এক্ষেত্রে ১ম পক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১৮। কর্মচারীগণ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পঞ্জিকা বৎসরে ২০ (বিশ) দিন ছুটি প্রাপ্ত হবেন। তবে কোন কর্মচারী পর পর ০৩ (তিন) দিনের বেশী ছুটিতে গেলে তার স্থলে প্রশিক্ষিত অন্য লোক সরবরাহ করতে হবে;

১৯। নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিবদ্ধ জনবল সরবরাহে ব্যর্থ হলে চুক্তি বাতিলসহ আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

২০। নিয়োজিত জনবলের দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে জনবল নিয়োজিতকারী দপ্তর কর্তৃক সেবা প্রদানকারী কর্মচারীর বেতন-ভাতা বিল পরিশোধ করা হবে;

